

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 22-12-2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) স্বাস্থ্য ও জীবনবিমার প্রিমিয়ামে জিএসটি কমানোর ব্যাপারে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর প্রস্তাব নিয়ে জিএসটি পরিষদের মন্ত্রিগোষ্ঠী ফের একবার আলোচনায় বসবে।
- ২) জিএসটি কাউন্সিল বৈঠকে স্থির হয়েছে, প্রকৃতিক বিপর্যয়ের পর পুনর্গঠনের কাজে রাজ্যগুলি অতিরিক্ত এক শতাংশ সেস আদায় করতে পারবে কিনা, তা নিয়ে নতুন একটি মন্ত্রিগোষ্ঠী সিদ্ধান্ত নেবে।
- ৩) কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর বলেছেন, বাংলাদেশে মতুয়ারা কিছু কিছু জায়গায় বিক্ষিপ্তভাবে অত্যাচারিত হচ্ছেন।
- ৪) গঙ্গাসাগর মেলায় যাত্রী ভিড় সামাল দিতে ১২ থেকে ১৬ই জানুয়ারি পর্যন্ত ৭২ টি বিশেষ ট্রেন চালানো হবে।
- ৫) আজ নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে মা সারদার ১৭২ তম জন্ম তিথি উদযাপিত হচ্ছে।
- ৬) সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতসন্ধ্যায় আইএসএল ফুটবল ম্যাচে ইস্টবেঙ্গল ১-০ গোলে জামশেদপুর এফসি-কে হারিয়েছে। আজ কোচিতে মহামেডান স্পোর্টিং, কেরল ব্লাস্টার্সের মুখোমুখি হচ্ছে।

স্বাস্থ্য ও জীবন বীমার প্রিমিয়ামে GST কমানোর ব্যাপারে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর প্রস্তাব নিয়ে মন্ত্রীগোষ্ঠী ফের একবার আলোচনায় বসবে। গতকাল রাজস্থানের জয়সালমীরে GST কাউন্সিলের বৈঠকে সিদ্ধান্ত হয়েছে GST কমানো হলেই প্রিমিয়ামের খরচ কমবে কিনা তা নিয়ে প্রশ্ন রয়েছে। তাই এ নিয়ে আরো একবার মন্ত্রীগোষ্ঠীর আলোচনা প্রয়োজন। বীমা নিয়ন্ত্রক সংস্থার মতামত এলে তা নিয়ে ফের পরিষদে আলোচনা হবে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন জানিয়েছেন। গতকাল পরিষদের বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন সার্বিকভাবে সমস্ত পণ্য ও পরিষেবায় GST র হার যুক্তিসঙ্গত করা নিয়ে মন্ত্রীগোষ্ঠীর রিপোর্ট এখনো চূড়ান্ত হয়নি। ফলে কোন পণ্যে GST বাড়বে, কোথায় কমবে তা এখনই বলা সম্ভব নয়।

পশ্চিমবঙ্গের দাবী মতো প্রাকৃতিক বিপর্যয়ে পড়া রাজ্যগুলিকে ক্ষতিগ্রস্ত এলাকা পুনর্গঠনে সাহায্য করার জন্য বিশেষ আর্থিক সহায়তা দেওয়া হবে বলে GST কাউন্সিল বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠক শেষে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেন প্রাকৃতিক বিপর্যয়ের পর পুনর্গঠনের কাজে রাজ্য গুলি অতিরিক্ত ১ শতাংশ সেস আদায় করতে পারবে কিনা তা নিয়ে আলোচনার জন্য নতুন একটি মন্ত্রীগোষ্ঠী গঠন করা হয়েছে। পশ্চিমবঙ্গের তরফ থেকে প্রস্তাব দেওয়া হয়েছে সেস বাবদ আয় রাজ্য সরকারই যাতে পায় তা সুনিশ্চিত করা প্রয়োজন। রাজ্যের তরফে অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য এই প্রস্তাব পেশ করেন।

আর জি কর কাণ্ডে ন্যায় বিচারের দাবিতে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স ওয়েস্ট বেঙ্গল এবং অভয়া মঞ্চের তরফে ডরিনা ক্রসিং-এর কাছে ওয়াই চ্যানেলে অবস্থান বিক্ষোভ চলেছে। রাজ্য সরকার সন্দীপ ঘোষের বিরুদ্ধে চার্জশিট পেশে অনুমোদন না দেওয়ার কারণে তিনি জামিন পেয়ে গেছেন, এমনটাই অভিযোগ জয়েন্ট প্ল্যাটফর্মে।

গতকাল সকালে মঞ্ঙের আকার নিয়ে পুলিশের সঙ্গে অবস্থানরত চিকিৎসকদের বচসা বাধে। অবস্থান মঞ্ঙে সামিল হন বহু সাধারণ মানুষ। বিক্ষোভ চলবে আগামী ২৬-শে ডিসেম্বর রাত পর্যন্ত।

নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত সুজয় কৃষ্ণ ভদ্রকে নতুন করে নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানায়নি CBI. গতকাল তাঁর মামলাটি শুনানি চলাকালীন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আইনজীবীরা তাঁকে জেল হেফাজতে পাঠানোর আবেদন জানান। আপাতত তাঁকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। CBI এর আইনজীবী জানিয়েছেন তাদের হেফাজতে থাকাকালীন সুজয় বাবু খাওয়াদাওয়া বন্ধ করে দিয়েছিলেন। খেতে চাইছিলেন না ওষুধও। সে কারণে তাঁর রক্তে শর্করার সমস্যা দেখা দেয়। CBI আইনজীবীর বক্তব্য তিনি মেডিক্যাল এমারজেন্সি সৃষ্টির চেষ্টা করছেন।

বাংলাদেশে মতুয়ারা কিছু কিছু জায়গায় বিক্ষিপ্তভাবে অত্যাচারিত হচ্ছেন বলে অভিযোগ করেছেন কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। গতকাল বনগাঁয় একটি অনুষ্ঠানে যোগ দিতে এসে তিনি বলেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকার সংখ্যালঘুদের ওপর অত্যাচারের ব্যাপারে কোনো পদক্ষেপ নিচ্ছে না। তবে কয়েকটি জায়গায় ধর্মপ্রাণ মুসলিমরাও মতুয়া সম্প্রদায়ের মানুষজনের পাশে দাঁড়িয়েছে।

বাইট – শান্তনু ঠাকুর

বিজেপি নেতা রাহুল সিনহা বলেছেন, পশ্চিমবঙ্গ উগ্রপন্থীদের নিরাপদ আস্তানা হয়ে উঠেছে। বাংলাদেশ সরকার পরিকল্পিত ভাবে সেখান জঙ্গীদের পালাতে সাহায্য করছে। পশ্চিম বর্ধমানের আসানসোলে দলীয় কার্যালয় সাংবাদিক সম্মেলনে করে গতকাল তিনি বলেন, ভারতের পূর্বাঞ্চলের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন করার ষড়যন্ত্র করা হচ্ছে।

সম্প্রতি যে আট জঙ্গী ধরা পড়েছে, তাদের অধিকাংশই এ রাজ্যের। এ রাজ্য জঙ্গীদের আশ্রয়স্থল হয়ে উঠেছে। বাংলাদেশের পরিপ্রেক্ষিতে কলকাতার মেয়র ফিরহাদ হাকিমের মন্তব্যেরও তিনি কড়া সমালোচনা করেন।

ভাটপাড়া পৌরসভা এলাকার বিজেপি নেতা প্রিয়াঙ্গু পান্ডের বাড়িতে গতকাল ব্যারাকপুর কমিশনারেটের গোয়েন্দা বিভাগ তল্লাশি চালালে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পুলিশের সঙ্গে হাতাহাতিতে জড়িয়ে পড়েন বিজেপি কর্মীরা। কয়েকজন আহত হন বলেও দাবী করা হয়েছে। ২০১৮ সালে বেআইনি নির্মাণের অভিযোগে ভাটপাড়া পৌরসভা প্রিয়াঙ্গুর বিরুদ্ধে মামলা দায়ের করেছিল। তারই জেরে সেদিনের তল্লাশি অভিযান বলে দাবী করা হয়েছে। ঘটনাস্থলে এসে প্রাক্তন বিজেপি সাংসদ অর্জুন সিং অভিযোগ করেন পুলিশ তল্লাশির ব্যাপারে কোনো কাগজপত্র দেখাতে পারেনি। শ্রেফ বিজেপি করার অভিযোগে তাঁকে হেনস্থা করা হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটিই হবে মাসিক এই রেডিও অনুষ্ঠানের ১১৭ তম পর্ব। টোল ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০-তে ফোন করে

মতামত ও চিন্তাভাবনা জানানো যাবে। নরেন্দ্র মোদী অ্যাপ বা মাই গভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনে তা এমাসের ২৭ তারিখ পর্যন্ত জানানো যাবে।

আকাশবাণী ও দূরদর্শনের সম্পূর্ণ নেটওয়ার্ক, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে। পাশাপাশি এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শোনা যাবে মন কি বাত। হিন্দীতে সম্প্রচারের অব্যবহিত পরেই আঞ্চলিক ভাষায় অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে।

আসন্ন গঙ্গাসাগর মেলতে পুণ্যার্থীদের ভিড় সামাল দিতে এবং অপ্রীতিকর ঘটনা এড়াতে পূর্ব রেল বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে। গতকাল শিয়ালদহে এ ব্যাপারে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের সঙ্গে এক উচ্চ পর্যায়ের বৈঠক হয়।

স্থির হয়েছে, ১২ থেকে ১৬ জানুয়ারি পর্যন্ত ৭২ টি বিশেষ ট্রেন চালানো হবে। সময়সূচির ব্যাপারে পরে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। শিয়ালদা সাউথ, প্রিন্সিপ ঘাট, কাকদ্বীপ ও নামখানা স্টেশন গুলিতে " May I Help You " বুথ খোলা হবে। এই বুথগুলোতে সহায়তার জন্য হেল্পলাইন নম্বর প্রদান করা হবে। জরুরী পরিস্থিতিতে সাহায্য দেওয়ার জন্য পুলিশ স্টেশন, হাসপাতাল, ফায়ার ব্রিগেড এর ফোন নম্বর প্রদর্শন করা হবে। বিশেষ সুরক্ষা ব্যবস্থা হিসেবে আরপিএফ বাহিনী মোতায়েন করা হবে এর পাশাপাশি সিভিল ডিফেন্স, স্কাউট এবং সেন্ট জন অ্যাম্বুলেন্স থেকে স্বেচ্ছাসেবক নিযুক্ত করা হবে। মেলা চলাকালীন প্রধান স্টেশন ও চারপাশের এলাকায় পরিষ্কার - পরিচ্ছন্নতা, পর্যাপ্ত পানীয় জল সরবরাহ, পে এন্ড ইউজ টয়লেট এর ব্যবস্থা রাখা হচ্ছে। যাত্রীদের সুবিধায় কাকদ্বীপ ও নামখানায় ৫ টি করে অতিরিক্ত টিকিট কাউন্টার চালু

করা হবে। ওভারহেড তারের কোনো সমস্যা হলে তা দেখভাল করার জন্য বারুইপুর, লক্ষ্মীকান্তপুর এবং শিয়ালদহে টাওয়ার ওয়াগন প্রস্তুত থাকবে বলে বৈঠকে সিদ্ধান্ত হয়।

পূর্ব মেদিনীপুরের মন্দারমণির একটি হোটেল থেকে এক তৃণমূল নেতার ঝুলন্ত দেহ উদ্ধার হয়েছে। এই ঘটনায় বান্ধবীকে আটক করেছে পুলিশ। উত্তর ২৪ পরগনার আমড়াগার আধটা গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধানের স্বামী আবুল নাসের বান্ধবীকে নিয়ে মন্দারমণি বেড়াতে গিয়েছিলেন। হোটেলের ঘর থেকে গতকাল আবুলের ঝুলন্ত দেহ উদ্ধার হয়। ওই ব্যক্তি আত্মহত্যা করেছেন বলে পুলিশের অনুমান। তদন্ত চলছে।

বর্ধমান রাজ কলেজের অধ্যক্ষ নিরঞ্জন মণ্ডল অভিযোগ করেছেন, তাঁর কলেজে তৃণমূল ছাত্রনেতাদের মদতে খ্রুট কালচার চলছে। কিছু শিক্ষক এবং অশিক্ষক কর্মীরাও এতে মদত দিচ্ছেন। সম্প্রতি কলেজ সোশাল সংগঠিত করার ব্যাপারে তাঁর কোন অনুমোদন নেওয়া হয়নি বলেও অধ্যক্ষ জানান। ৭১ জন শিক্ষক শিক্ষিকা নিরাপত্তা চেয়ে তাঁকে চিঠি দিয়েছেন বলে অধ্যক্ষ দাবী করেন।

উত্তরবঙ্গের বক্সা ব্যাঘ্র প্রকল্পের কোর ও বাফার এলাকা থেকে হোটেল, রিসর্ট সরানোর কাজ শুরু করেছে বন দপ্তর। ২০২২ সালের জুলাই মাসে কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি বেঞ্চের জারি করা স্থগিতাদেশের জেরে এতদিন উচ্ছেদ বন্ধ ছিল। সাম্প্রতিক শুনানিতে বেঞ্চ আর নতুন করে স্থগিতাদেশ জারি করেনি। ফলে ২০২২ সালের জুন মাসে গ্রিন ট্রাইবুনালের দেওয়া রায় কার্যকর করার উদ্যোগ নিয়েছে বন দপ্তর। ১৭ ডিসেম্বর থেকে উচ্ছেদের কাজ শুরু হয়েছে বলে জানা গেছে।

আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে আগামী ২৪ ঘন্টায় কোলকাতা ও পার্শ্ববর্তী এলাকার আকাশ অংশত মেঘলা থাকবে। সকালে ঘন কুয়াশা থাকার সম্ভাবনা। গতকাল দিনের সরবোচ্চ তাপমাত্রা ছিল ২১ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ৫ ডিগ্রী কম। আজ দিনের সরবোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকতে পারে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৬ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ দশমিক ৩ ডিগ্রী বেশি।

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শ্রীশ্রী মা সারদার ১৭২ তম জন্মতিথি উদযাপিত হবে। সারদা মায়ের জন্মতিথি উপলক্ষে উত্তর কলকাতার বাগবাজারে মায়ের বাড়িতে ভোরে মঙ্গলারতি, বিশেষ পূজা পাঠ, বৈদিক মন্ত্র উচ্চারণের মধ্য দিয়ে তিনি পূজিত হবেন। জন্ম ভিটে জয়রামবাটি মাতৃমন্দিরেও নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালন করা হবে। বেলুড় মঠে মঙ্গল আরতি, বৈদিক মন্ত্র উচ্চারণ, বিশেষ পূজা পাঠ, চণ্ডীপাঠ, ভক্তিমূলক গান প্রভৃতির আয়োজন করা হয়েছে। রামকৃষ্ণ মিশন ছাড়াও অন্যান্য ধর্মীয় ও সামাজিক সংগঠনের উদ্যোগে দিনটি পালিত হচ্ছে।

কলকাতা ও সংলগ্ন এলাকার তরুন-তরুণীদের নৌ অভিযান ও তৎ সংক্রান্ত বিষয়ে উৎসাহিত করতে, বিশেষ উদ্যোগ নিয়েছে সী এক্সপ্লোরারস ইনস্টিটিউট। সেই লক্ষ্যে কলকাতার প্রিন্সেপঘাটে গতকাল নদী বক্ষে এক বিশেষ নৌ-প্রদর্শনীর আয়োজন করে। আদিবাসী জনজাতি গোষ্ঠীর ব্যবহৃত প্রাচীন জলযান থেকে শুরু করে বর্তমানে

সেনাবাহিনী ও কলকাতা পুলিশের হাতে থাকা অত্যাধুনিক নৌযান এই প্রদর্শনীতে অংশ নেয়। এই প্রদর্শনীতে প্রশিক্ষিত যুবক-যুবতীরা অংশ নেয়। সংস্থার বর্ষব্যাপী কার্যকলাপ সম্পর্কে সম্পাদক সুদেষ্ণা চ্যাটার্জি বলেন, ইনস্টিটিউটে প্রশিক্ষিত ছেলেমেয়েরা কর্মসংস্থানে সুযোগ পাচ্ছে।

বাইট সুদেষ্ণা চ্যাটার্জী

সল্টলেকের যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল, জামশেদপুর এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে

ইস্টবেঙ্গল ১১ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার একাদশ স্থানে আছে। ১০ ম্যাচে ১৮ পয়েন্ট পেয়ে জামশেদপুর সপ্তম স্থানে রয়েছে।

কোচির জওহরলাল নেহরু স্টেডিয়ামে আজ মহমেডান স্পোর্টিং কেরল ব্লাস্টার্সের মুখোমুখি হবে।
